গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
বাজেট ও পরিকল্পনা-২ শাখা

# অর্থ বিভাগের নৈতিকতা কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার<br>সচিব |
| সভার তারিখ | ২৩ মে ২০২৪ |
| সভার সময় | সকাল ১০.৩০ মি. |
| স্থান | অর্থ বিভাগ (ভার্চুয়াল সভা) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নৈতিকতা কমিটির তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোনো সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) জনাব মোহাম্মদ মানজারুল মান্নান বলেন, ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় অর্থ বিভাগের নৈতিকতা কমিটির মোট চারটি সভা আয়োজনের জন্য নির্ধারিত ছিল। ইত:পূর্বে তিনটি সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে, আজ চতুর্থ সভা। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী অর্থ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট ও পরিকল্পনা-২)-কে অনুরোধ জানানো হয়। উপসচিব (বাজেট ও পরিকল্পনা-২) বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং অর্থ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রমের অর্জন প্রতিবেদন সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন। এরপর হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন উপ-হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আব্দুর রাজ্জাক।

০২। অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপস্থাপিত তথ্য পর্যালোচনাপূর্বক অতিরিক্ত সচিব (সামষ্টিক অর্থনীতি) ড. জিয়াউল আবেদীন বলেন, এসইআইপি প্রকল্পটি আগামী ৩০ জুন ২০২৪ তারিখ শেষ হবে। এ প্রকল্পের সমাপ্তিতে প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয়ে নির্ধারিত সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অতিরিক্ত সচিব (অর্থনৈতিক উপদেষ্টা) জনাব আবুল মনসুর বলেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় অর্থ বিভাগ এবং সিজিএ কার্যালয়ের অগ্রগতি আশাব্যঞ্জক, এই ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান। প্রসঙ্গ আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) জনাব মোহাম্মদ মানজারুল মান্নান বলেন, লক্ষ্যমাত্রা অর্জনে যেসব কার্যক্রম পিছিয়ে রয়েছে সে সব ক্ষেত্রে মনিটরিং বৃদ্ধি করতে হবে। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য তিনি প্রকল্প পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা) জনাব সিরাজুন নূর চৌধুরী বলেন, সভার কার্যবিবরণী প্রেরণের পাশাপাশি সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য পত্রের মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিত করা প্রয়োজন। এর ফলে সিদ্ধান্ত বাস্তবায়ন সহজ ও ফলপ্রসূ হবে। প্রসঙ্গ আলোচনায় হিসাব মহানিয়ন্ত্রক জনাব কামরুন নাহার বলেন, সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে অর্থ বিভাগের ভাবমূর্তি উজ্জ্বল করাই আমাদের প্রত্যেকের লক্ষ্য। বিগত সভায় হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় সংশ্লিষ্ট যেসব সিদ্ধান্ত গৃহীত হয়েছিল তার সবগুলোই যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। তিনি আরো বলেন, জুন ২০২৪ মাসের মধ্যে সকল লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং জোরদার করা হবে। অর্থ বিভাগ এবং সিজিএ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল

কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করে সভাপতি বলেন, সরকারি অফিসে শুদ্ধাচার প্রতিষ্ঠায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য তিনি কর্মপরিকল্পনার প্রতিটি লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিগত সভায় গৃহীত সময়াবদ্ধ সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়িত হওয়ায় তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত মন্ত্রণালয়/বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫-এর ক্রমিক ২.৫-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্ত এসইআইপি এবং আইপিএফএফ-II প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আবসাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরপূর্বক আগামী ৩১ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ তারিখের নং-সম (পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১ নম্বর পরিপত্র এবং ১১ মে ১৯৯৯ তারিখের নং-সম (পরি) প-৫/৯৮-১৫৮ (২০০) নম্বর পরিপত্র অনুসরণ করতে হবে। | ক) সামষ্টিক অর্থনীতি অনুবিভাগঃ পরিবীক্ষণ-১ শাখা / নির্বাহী প্রকল্প পরিচালক, এসইআইপি প্রকল্প<br>খ) বাজেট-১ অনুবিভাগঃ বাজেট-৩ শাখা/ প্রকল্প পরিচালক, আইপিএফএফ- II প্রকল্প<br>গ) অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগঃ কর্মসূচি পরিবীক্ষণ-৪ শাখা |
| ০২. | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা পরিবীক্ষণ কার্যক্রম আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করে প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে। | বাজেট-২ অনুবিভাগঃ বাজেট-১৪ শাখা |
| ০৩. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত মন্ত্রণালয়/বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫-এর ক্রমিক ৩.১-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার সংক্রান্ত প্রত্যয়ন দাখিল নিশ্চিত করতে হবে। | প্রশাসন ও সমন্বয় অনুবিভাগঃ প্রশাসন-৬ শাখা |
| ০৪. | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের আওতাধীন চট্টগ্রাম ও ময়মনসিংহ ডিসিএ কার্যালয়ে আয়োজিত গণশুনানিতে সেবা প্রার্থীদের নিকট হতে প্রাপ্ত গুরুত্বপূর্ণ পরামর্শ ও পর্যবেক্ষণগুলো একীভূত করে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| ০৫. | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের আওতাধীন অফিসসমূহে ২০২৩-২৪ অর্থবছরে অনুষ্ঠিত গণশুনানীতে সেবা প্রদানকারীর নিকট হতে প্রাপ্ত পরামর্শ ও পর্যবেক্ষণগুলো পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বাস্তবায়নযোগ্য অংশসমূহের ক্ষেত্রে এসপিএফএমএস কর্মসূচি ও সিজিএ কার্যালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | ক) জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি।<br>খ) প্রশাসন ও সমন্বয় অনুবিভাগঃ বাজেট ও পরিকল্পনা-২ শাখা<br>গ) হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| ০৬. | সিদ্ধান্ত বাস্তবায়ন সহজ ও ফলপ্রসূ করার লক্ষ্যে সভার কার্যবিবরণী প্রেরণের পাশাপাশি সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য পত্রের মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে। | প্রশাসন ও সমন্বয় অনুবিভাগঃ বাজেট ও পরিকল্পনা-২ শাখা |

০৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০৯০.৪২.০০১.২৩.১৩৫

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, প্রবিধি, বাস্তবায়ন এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ, অর্থ বিভাগ
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ
৪) অতিরিক্ত সচিব, বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা, অর্থ বিভাগ
৫) অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ
৬) অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ
৭) অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনেতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ
৮) নির্বাহী প্রকল্প পরিচালক, স্কিলস ফর এমপ্লমেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি), প্রবাসী কল্যাণ ভবন (১৫ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
৯) যুগ্মসচিব, বাজেট ও পরিকল্পনা , অর্থ বিভাগ
১০) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অর্থ বিভাগ
১১) যুগ্মসচিব, বাজেট পরিবীক্ষণ, মূল্যায়ন ও রিপোর্টিং, অর্থ বিভাগ
১২) প্রকল্প পরিচালক, ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফাইন্যান্সিং ফ্যাসিলিটি II (আইপিএফএফ II), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০। [দৃঃ আঃ উপসচিব, বাজেট-৩, অর্থ বিভাগ]।
১৩) উপসচিব, বাজেট-১৪ শাখা, অর্থ বিভাগ
১৪) একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, অর্থ বিভাগ
১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ
১৬) সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৬ শাখা, অর্থ বিভাগ
১৭) অফিস কপি

এবিএম ইফতেখারুল ইসলাম খন্দকার
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)